

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭১৮(আগরতলা, ১৪।১১)

খোয়াই, ১৪ নভেম্বর, ২০১৭

খোয়াইয়ে মধুমেহ দিবস উদযাপিত

খোয়াই জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কার্যালয়ের উদ্যোগে খোয়াই বালক সরকারী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের বি আর সি হলে আজ বিশ্ব মধুমেহ দিবস উপলক্ষ্যে এক সেমিনার অনুষ্ঠিত হয়। আয়োজিত সেমিনারে উপস্থিত ছিলেন জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: পি কে মজুমদার, জেলা হাসপাতালের চিকিৎসক ডা: তমাল সরকার, বিশিষ্ট ব্যক্তি প্রমেশ সেন সহ অন্যান্যরা। আয়োজিত সেমিনারে মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: পি কে মজুমদার আলোচনা করতে গিয়ে মধুমেহ রোগের কারণ, উপসর্গ ও তার প্রতিরোধ সহ স্বাস্থ্য সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, স্বাস্থ্য কর্মী, শিক্ষক-শিক্ষিকাগণ ও আশা কর্মীগণ অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের শুরুতে মধুমেহ দিবস উপলক্ষ্যে আশা ও স্বাস্থ্য কর্মীদের নিয়ে একটি বর্ণাঢ্য র্যালী এলাকা পরিক্রমা করে। সেমিনারে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক দীনেশ দেববর্মা।

This document is a product of SmartPDFConverter.com. To remove this message, please purchase the full version of SmartPDFConverter.com.